

ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়
এম এফ এ ইন ড্রইং এন্ড পেইন্টিং প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮)
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। প্রোগ্রামের নাম : এম.এফ.এ ইন ড্রইং এন্ড পেইন্টিং।

২। প্রোগ্রামের মেয়াদ : ০২ (দুই) বছর।

৩। আসন সংখ্যা : সাধারণ আসন সংখ্যা ১৮ (আঠার) টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। তবে শর্ত থাকে যে, যদি মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় যোগ্য প্রার্থী না পাওয়া যায় তাহলে খুলনা বিশ্ববিদ্যালয়ের যোগ্য প্রার্থীদের দ্বারা উক্ত আসনসমূহ পূর্ণ করা হবে।

৪। আবেদন করার জন্য যোগ্য প্রার্থী : ২০১৪ এবং তৎপরবর্তী বছর সমূহে ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন -এ চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন।

৫। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : খুলনা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সি জি পি এ ন্যূনতম ২.৫০ ন্যূনতম ৫০% মার্কস।

৬। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও সনদপত্রের কপি।

খ) আবেদনপত্রের সাথে একটি পোর্টফলিওর সত্যায়িত কপি।

গ) পাসপোর্ট সাইজের ২ (কপি) ছবি।

৭। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সার্টিফিকেট ভর্তির সময় দাখিল করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট ক্লাস শুরুর তারিখ হতে পরবর্তী ৪ সপ্তাহের মধ্যে দাখিল করা যাবে। অন্যথায় ভর্তি বাতিল হয়ে যাবে।

৮। ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন অফিসে সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত ছুটির দিন ব্যতীত ফরম জমা নেয়া হবে।

৯। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী ও ভর্তি পরীক্ষার ফল নিজ দায়িত্বে নির্দিষ্ট তারিখে ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিনের নোটিশ বোর্ড/ খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.ku.ac.bd থেকে জেনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১০। ভর্তি পরীক্ষা ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিন -এর "শিল্পকলা বিষয়ক তত্ত্বিক ও ব্যবহারিক" বিষয়ের উপরে অনুষ্ঠিত হবে।

১১। ভর্তি সংক্রান্ত তারিখসমূহ :

ক) ভর্তি ফরম বিতরণ	: ১৪/০২/২০১৮ খ্রি.
খ) ভর্তি ফরম জমা দেয়ার শেষ তারিখ	: ২৭/০২/২০১৮ খ্রি.
গ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	: ০৪/০৩/২০১৮ খ্রি.
ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	: ১১/০৩/২০১৮ খ্রি. (সকাল ১০.০০টা থেকে ১১.৩০টা)
ঙ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ	: ১৪/০৩/২০১৮ খ্রি.
চ) সাধারণ আসন থেকে ভর্তি	: ১৮/০৩/২০১৮ খ্রি. (সকাল ১০.০০টা থেকে ১.০০টা)
ছ) অপেক্ষমান ও কোটা তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন	: ১৯/০৩/২০১৮খ্রি. (নিবন্ধন-সকাল ১০.০০টা থেকে ১২.০০টা ভর্তি ১২.০০টা থেকে ২.০০টা)
জ) কোর্স রেজিস্ট্রেশন (জরিমান ছাড়া)	: ২৫/০৩/২০১৮ খ্রি. থেকে ২৯/০৩/২০১৮ খ্রি. পর্যন্ত
ঝ) কোর্স রেজিস্ট্রেশন (জরিমানসহ)	: ০১/০৪/২০১৮ খ্রি. থেকে ০৩/০৪/২০১৮ খ্রি. পর্যন্ত
ঞ) ক্লাস শুরু	: ২৫/০৩/২০১৮ খ্রি.

(কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে ভর্তি চূড়ান্ত হবে)

১২। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। আবেদন ফি বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সভাপতি, ভর্তি কমিটি, চারুকলা ইনস্টিটিউট, খুবি অনুকূলে সঞ্চয়ী হিসাব নং-৬৫৬১ জমা দিয়ে ভর্তি ফরম ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী সংগ্রহ করা যাবে।


(প্রফেসর ড. আহমেদ আহসানুজ্জামান)

পরিচালক (ভারপ্রাপ্ত)

চারুকলা ইনস্টিটিউট ও সভাপতি

ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭-২০১৮